সঙ্গীতের বিকৃতিরোধে ব্যর্থতায় ক্ষোভ

নজরুলজয়ন্তী উদযাপন

নিজস্ব প্রতিবেদক

নজরুল সাহিত্যের প্রকৃত মূল্যায়ন তুলে ধরতে না পারায় এবং নজরুল সঙ্গীতের বিকৃতি রোধে ব্যর্থতায় নজরুল গবেষক ও নজরুল সঙ্গীত শিল্পীদের মধ্যে তীব্র ক্ষোভ রয়েছে। জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১০২তম জন্মজয়ন্তী উপলক্ষে সরকারি-বেসরকারি উদ্যোগে আয়োজিত বিভিন্ন অনুষ্ঠানমালায় এ ক্ষোভের কথা পুনর্ব্যক্ত করা হয়েছে।

গতকাল শুক্রবার সকালে ঢাকা বিশ্ববিদ্যালয় মসজিদ প্রাঙ্গণে কবির সমাধিতে পুষ্পস্তবক অর্পণের মধ্য দিয়ে নজরুল জয়ন্তীর আনুষ্ঠানিকতা শুরু হয়। এছাড়া ঢাকায় জাতীয় জাদুঘরে আয়োজিত দুই দিনব্যাপী মূল অনুষ্ঠান ছাড়াও কবির স্মৃতিবিজড়িত ত্রিশাল, দরিরামপুর, কুমিল্লা, দৌলতপুর ও চট্টগ্রামে অনুষ্ঠান শুরু হয়েছে।

জাদুঘরে মূল অনুষ্ঠান

সমাধিতে ফুল দিয়ে নজরুল জয়ন্তীর কর্মসূচি শুরু হলেও পরে বিকেল ৪টায় জাতীয় জাদুঘরের প্রধান মিলনায়তনে বাংলা একাডেমী, শিল্পকলা একাডেমী, জাতীয় জাদুঘর, ন্যাশনাল আর্কাইভস, জাতীয় গ্রন্থকেন্দ্র ও নজরুল ইনস্টিটিউটসহ সংস্কৃতি মন্ত্রণালয়ভুক্ত সব সংস্থার উদ্যোগে শুরু হয় মূল অনুষ্ঠান। কথাসাহিত্যিক আবু রুশদ এ অনুষ্ঠানের উদ্বোধন করেন। অধ্যাপক মমতাজউদদীন আহমদ স্মারক বক্তব্য উপস্থাপন করেন।

সংস্কৃতি প্রতিমন্ত্রী ওবায়দুল কাদেরের সভাপতিত্বে দুই দিনব্যাপী অনুষ্ঠানের শুরুতে স্বাগত বক্তব্য রাখেন সংস্কৃতি মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব মিয়া মোহাম্মদ আবদুল হামিদ এবং নজরুল ইনস্টিটিউটের নির্বাহী পরিচালক কবি মুহম্মদ নূরুল হুদা ধন্যবাদ বক্তব্য রাখেন।

এ অনুষ্ঠানেও শিল্পী সোহরাব হোসেন, শিল্পী নীলুফার ইয়াসমীন, শিল্পী শাহীন সামাদ, শিল্পী বেবেকো সুলতানাসহ নবীন-প্রবীণ শিল্পীদের আরো অনেকেই নজরুলের গান গেয়ে শোনান।

এ আয়োজনের অংশ হিসেবে জাদুঘরের প্রদর্শনী কক্ষে শুরু হয়েছে সপ্তাহব্যাপী নজরুল মেলা। মেলায় নজরুলের ব্যবহৃত ওভারকোট, গ্রামোফোনসহ তার বই ও তাকে নিয়ে লেখা বই প্রদর্শন করা হচ্ছে। প্রদর্শনী প্রতিদিন বিকেল ৩টা থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত সবার জন্য খোলা থাকবে।

আজ অনুষ্ঠানের দ্বিতীয় দিন বিকেল ৪টায় 'সাম্প্রদায়িকতার বিরুদ্ধে নজরুল' শীর্ষক প্রবন্ধ উপস্থান করবেন সেলিনা বাহার জামান।

নজরুল স্মৃতিকক্ষ উদ্বোধন

কবি কাজী নজরুল ইসলামের পুত্রবধূ উমা কাজী গতকাল সকালে বাংলা একাডেমীর বর্ধমান হাউসে নজরুল কক্ষ উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে বাংলা একাডেমীর মহাপরিচালক রফিকুল ইসলামসহ কার্যনির্বাহী পরিষদের সদস্যরা উপস্থিত ছিলেন।

কণ্ঠশীলনের গল্প-কবিতায় নজরুল

নজরুলের গল্প, কবিতা, গান আর প্রবন্ধের পাঠ উপস্থাপনের মধ্য দিয়ে সুফিয়া কামাল পাবলিক লাইব্রেরির শওকত ওসমান স্মৃতি মিলনায়তনে কণ্ঠশীলন নজরুল জয়ন্তী উদযাপন করেছে। এ অনুষ্ঠানের শুরুতে সঙ্গীতজ্ঞ ওয়াহিদুল হক নজরুলের কবিতা-গানের মূল তাৎপর্য তুলে ধরেন। তিনি বলেন, সরকারি তহবিলের লাখ লাখ টাকা খরচ করে একাডেমী আর ইনস্টিটিউট গড়ে নজরুলের সৃষ্টিকে বিকৃতভাবে উপস্থাপন বন্ধ করা যায়নি।

শান্ত চৌধুরী, শিরিন জাহান তানিয়া, এনায়েত কাজল, আজহারুল হক আজাদ, লুৎফুল কবির, আহম্মেদ রাসেল খান, এস আর ফারুক, মনিজা রহমান, রুমানা হোসেন পপি, জহিরুল হক খান, নাসিরউদ্দিন, রইস-উল ইসলাম পাঠ উপস্থাপনে অংশগ্রহণ করেন।

জাসাসের আয়োজন

জাতীয়তাবাদী সামাজিক-সাংস্কৃতিক সংস্থা জাসাস সভাপতি ওয়াসিমুল বারী রাজীব সরকারের উদ্যোগে নজরুল জয়ন্তী পালনের কর্মসূচিকে দায়সারা গোছের বলে আখ্যায়িত করেছেন। তিনি জাসাসের উদ্যোগে নজরুলের সমাধিতে পুষ্পার্ঘ্য দেওয়ার পর এক আলোচনা সভায় এ সমালোচনা করেন।

নজরুল স্মৃতিবিজড়িত স্থানে

এদিকে গতকালই নজরুল স্মৃতিবিজড়িত স্থানগুলোতে জন্মজয়ন্তীর অনুষ্ঠানমালা শুরু হয়েছে। **ত্রিশাল (ময়মনসিংহ) প্রতিনিধি** জানান, কবির স্মৃতিবিজড়িত ময়মনসিংহের ত্রিশাল উপজেলার দরিরামপুরে জাতীয় পর্যায়ে কবির জন্মবার্ষিকী পালন উপলক্ষে গতকাল থেকে বিভিন্ন অনুষ্ঠানমালা শুরু হয়েছে। গতকাল সকাল ৯টায় প্রেসক্লাবের উদ্যোগে শোভাযাত্রার মাধ্যমে এ কর্মসূচির সূচনা হলেও পরক্ষণেই প্রচণ্ড ঝড়-বৃষ্টিতে তা লণ্ডভণ্ড হয়ে যায়। পরে বিকেল ৪টায় নির্ধারিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্বাস্থ্য প্রতিমন্ত্রী ডা. এম আমানউল্লাহ।

স্থানীয় সাংসদ আলহাজ হাফেজ মাওলানা রুহুল আমীন মাদানীর সভাপতিত্বে এতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক দুর্গাদাস ভট্টাচার্য্য, নজরুল গবেষক ড. করুণাময় গোস্বামী, জেলা আওয়ামী লীগ নেতা নাজিম উদ্দিন আহমেদ, উপজেলা নির্বাহী কর্মকর্তা মীর আলী রেজা, ময়মনসিংহ জেলা প্রশাসক ময়েজউদ্দিন খান প্রমুখ অংশ নেন।

কুমিল্লা প্রতিনিধি জানান, কুমিল্লায় তিন দিনব্যাপী বিভিন্ন কর্মসূচি শুরু হয়েছে। বিকেল ৪টায় শহরের সার্কিট হাউস মোড়ে চেতনায় নজরুল স্মৃতি ভাস্কর্যে পুষ্পস্তবক অর্পণের মধ্য দিয়ে তিন দিনের কর্মসূচির উদ্বোধন করেন হুইপ মুজিবুল হক। এর পর একটি বর্ণাঢ্য র‍্যালি সারা শহর প্রদক্ষিণ করে। সন্ধ্যা ৭টায় অনুষ্ঠিত আলোচনা সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন অধ্যক্ষ আমীর আলী চৌধুরী, তিতাস চৌধুরী, আব্দুর রউফ, জেলা প্রশাসক ফয়সাল আলম প্রমুখ।

আন্তঃবিশ্ববিদ্যালয় প্রতিযোগিতায় রাবি চ্যাম্পিয়ন

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় প্রতিনিধি জানান, তিন দিনব্যাপী আন্তঃবিশ্ববিদ্যালয় সাংস্কৃতিক প্রতিযোগিতায় রাজশাহী বিশ্ববিদ্যালয় মোট আটটি ইভেন্টে প্রথম, দুটিতে দ্বিতীয় ও তিনটিতে তৃতীয় স্থান অর্জন করে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে। অন্যদিকে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় চারটিতে প্রথম, ছয়টিতে দ্বিতীয় ও তিনটিতে তৃতীয় হয়ে রানার্স-আপ হয়। এই প্রতিযোগিতায় স্বাগতিক জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়সহ দেশের স্বায়ত্তশাসিত ১২টি বিশ্ববিদ্যালয়ের ২৫০ জন প্রতিযোগী মোট ১৭টি বিষয়ে অংশ নেন। বাংলাদেশ বিশ্ববিদ্যালয় পরিষদ এবং আন্তঃবিশ্ববিদ্যালয় সাংস্কৃতিক পরিষদ যৌথভাবে এই প্রতিযোগিতার আয়োজন করে। আজ শনিবার প্রতিযোগিতার শেষ দিনে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করবেন শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেক।

মুক্তিযুদ্ধ জাদুঘরের তহবিল সংগ্রহের জন্য চিত্র প্রদর্শনী

শিল্পী কনক চাঁপা চাকমা ও খালিদ মাহমুদ মিঠুর শিল্পকর্ম নিয়ে মুক্তিযুদ্ধ জাদুঘরের তহবিল সংগ্রহের লক্ষ্যে সাজু আর্ট গ্যালারিতে গতকাল থেকে সপ্তাহব্যাপী এক চিত্র প্রদর্শনী শুরু হয়েছে। আমেরিকান ইনফরমেশন সেন্টারের পরিচালক জন কিনক্যানন এ প্রদর্শনীর উদ্বোধন করেন।

প্রদর্শনীর উদ্বোধনী অনুষ্ঠানে মুক্তিযুদ্ধ জাদুঘরের পরিচালক আক্কু চৌধুরী এবং শিল্পী খালিদ মাহমুদ মিঠু বক্তব্য রাখেন। প্রদর্শনী আগামী ৩১ মে পর্যন্ত গুলশানের সাজু আর্ট গ্যালারিতে প্রতিদিন সকাল ১০টা থেকে রাত ৮টা পর্যন্ত সবার জন্য খোলা থাকবে।